দৈনিক ইত্তেফাক

তারিখ 2 1 OCT 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

৫০

# রাজশাহী বোর্ডে এইচএসসি পরীক্ষায় পাসের হার ৬৮·৭৩ ভাগ

**ইত্তেফাক রিপোর্ট** ॥ গতকাল (মঙ্গলবার) রাজশাহী বোর্ডের এইচএসসি '৯২ পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। পাসের গড় হার শতকরা ৬৮ দশমিক ৭৩ ভাগ। সম্মিলিত মেধা তালিকায় রাজশাহী ক্যাডেট কলেজের মোঃ আসাদুজ্জামান সর্বাধিক ৯৫০ নম্বর পাইয়া প্রথম স্থান অধিকার করিয়াছে। দ্বিতীয় স্থান লাভ করিয়াছে রাজশাহী সরকারী কলেজের ছাত্র মোঃ মুরশিদুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৯৪১ এবং তৃতীয় হইয়াছে পাবনা ক্যাডেট কলেজের ছাত্র মোঃ উল-উল আজম, প্রাপ্ত নম্বর ৯৩৮। তিনজনই বিজ্ঞান গ্রুপের ছাত্র। মানবিক গ্রুপে প্রথম তিনটি স্থান দখল করিয়াছে রাজশাহী সরকারী কলেজের তিনজন ছাত্র। প্রথম হইয়াছে মোঃ আফজালুল ইসলাম, প্রাপ্ত নম্বর ৮৫২; দ্বিতীয় সাধন কুমার দাস, প্রাপ্ত নম্বর ৮২৯ এবং তৃতীয় হইয়াছে দেবব্রত চক্রবর্তী, প্রাপ্ত নম্বর ৮২৩। বাণিজ্যিক গ্রুপে ৭৬৬ নম্বর পাইয়া প্রথম হইয়াছে রাজশাহী সরকারী কলেজের ছাত্র মোঃ ওহেদুর রহমান, দ্বিতীয় স্থান লাভ করিয়াছে নবাবগঞ্জ সরকারী কলেজের ছাত্র মোঃ হযরত আলী, প্রাপ্ত নম্বর ৭৪৪ এবং তৃতীয় হইয়াছে রাজশাহী সরকারী কলেজের ছাত্র তৌহিদ-উল-হাসান, প্রাপ্ত নম্বর ৭২৮। গত জুন-জুলাইতে অনুষ্ঠিত রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় মোট ৬১ হাজার ৩ শত ৭৯ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। তাহাদের মধ্যে প্রথম বিভাগে ২ হাজার ৬ শত ৪৯ জন, দ্বিতীয় বিভাগে ১৫ হাজার ১ শত ৭৫ জন এবং তৃতীয় বিভাগে ২৪ হাজার ৩ শত ৬৭ জন অর্থাৎ মোট ৪২ হাজার ১ শত ৯১ জন উত্তীর্ণ হইয়াছে। বাণিজ্যিক গ্রুপের পাসের হার ৭৯ দশমিক ৮২, বিজ্ঞান গ্রুপের পাসের হার ৭৪ দশমিক ৬৩ এবং মানবিক গ্রুপে ৬৩ দশমিক ৮৬।